

৭. সেবা সহজিকরণে গৃহীত পদক্ষেপ

৭.১ প্রধানমন্ত্রীর কার্যালয়ের অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন

ঢাকা।

পত্র সংখ্যা : ০৩.০৭০.০০৬.০০.০০.০০৩.২০১৫

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৩
২০ নভেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

গত ১৬ জুন ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সভার সিদ্ধান্ত মোতাবেক সেবা পদ্ধতি সহজিকরণে এনজিও বিষয়ক ব্যুরোর প্রকল্প অনুমোদন ও অর্থ ছাড়ের সময়সীমা ২৬ কর্মদিবস নির্ধারণকল্পে ১২ এপ্রিল ২০১২ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের জারিকৃত পরিপত্রের ৭(ঘ) এবং ৭(ছ) ধারা সংশোধন করা হলো :

ঘ. এনজিও বিষয়ক ব্যুরো প্রস্তাবিত প্রকল্পসমূহ প্রাথমিক পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষা করে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ২১ কর্মদিবসের স্থলে ১৫ কর্মদিবসের মধ্যে এ সম্পর্কে তাদের মতামত প্রদান করবে। নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত পাওয়া না গেলে বিবেচ্য প্রকল্পের ব্যাপারে মন্ত্রণালয়ের কোন আপত্তি নেই বলে ধরে নেয়া হবে। পার্বত্য তিনটি জেলায় কার্যক্রম শুরুর পূর্বে এনজিওসমূহকে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট হতে সম্মতি/অনাপত্তি সনদ গ্রহণ করতে হবে। প্রয়োজনে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সাথে আলোচনা করতে পারে। এনজিওসমূহ পার্বত্য জেলাসমূহে কার্যক্রম পরিচালনার জন্য এনজিও বিষয়ক ব্যুরোতে নিয়মানুযায়ী প্রকল্প প্রস্তাব পেশ করবে। এনজিও বিষয়ক ব্যুরো প্রকল্প প্রস্তাবসমূহ প্রাথমিক পরীক্ষা শেষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে মতামতের জন্য প্রেরণ করবে।

ছ. এনজিও বিষয়ক ব্যুরো যথাযথ তথ্য সংবলিত প্রকল্প প্রস্তাব প্রাপ্তির ৪৫ দিনের স্থলে ২৬ দিনের মধ্যে প্রস্তাবিত প্রকল্পের ওপর সিদ্ধান্ত প্রদান করবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে পরিপত্রের ৭(ঘ) এবং ৭(ছ) সংশোধন করা হলো। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ডা. মোঃ জুলফিকার আলী)

পরিচালক-৩

ফোন : ৯১১৫০৯০

ফ্যাক্স : ৯১৪৫০৩৮, ৯১২৩৬১৬ (অনুঃ)

ইমেইল : director3@ pmo.gov.bd

zulfikarlenin68@gmail.com

পত্র নম্বর : ০৩.০৭০.০০৬.০০.০০.০০৩.২০১৫-২৩৭

তারিখ : ০৬ অগ্রহায়ণ ১৪২৩
২০ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)

(ডা. মোঃ জুলফিকার আলী)

পরিচালক-৩

ফোন : ৯১১৫০৯০

ফ্যাক্স : ৯১৪৫০৩৮, ৯১২৩৬১৬ (অনুঃ)

ইমেইল : director3@ pmo.gov.bd

zulfikarlenin68@gmail.com